**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**
**নির্বাচন সহায়তা-২ শাখা**
**www.ecs.gov.bd**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১২.২৩-৩০৮

তারিখঃ ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ২১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**পরিপত্র-১**

বিষয়ঃ **বিশেষ এলাকাসমূহে ভোটার নিবন্ধন কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে করণীয়।**

রোহিঙ্গা অধ্যুষিত বিশেষ এলাকায় বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা ও ভীনদেশী কোন নাগরিক যেন ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে না পারে এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকদের ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নতুন ভোটার অন্তর্ভুক্তিসহ অন্যান্য সময় ভোটার তালিকা বা জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত বিভিন্ন কাজ সহজীকরণের লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যা নিম্নরূপ:

(ক) চট্টগ্রাম অঞ্চলের ৫টি জেলা(চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) এর সকল এলাকাকে বিশেষ এলাকা ঘোষণা করা হয়।

(খ) বিশেষ এলাকাসমূহের নাগরিকগণকে ভোটার নিবন্ধনের জন্য তিনটি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়, যা নিম্নরূপ:

| ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| **A** | এসএসসি/সমমান বা তদুর্ধ্ব সনদ থাকলে-<br>১. এসএসসি/সমমান বা তদুর্ধ্ব অনলাইন সনদ<br>২. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>৩. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন নাগরিকত্ব সনদ<br>৪. বাবা-মায়ের জাতীয় পরিচয়পত্র<br>উল্লেখ্য, সরকারী চাকরিজীবীর সন্তান "A" ক্যাটাগরিভূক্ত হবে। এক্ষেত্রে সরকারী চাকরির প্রমাণ স্বরূপ অফিস প্রধান কর্তৃক সত্যায়িত সার্ভিস বহির কপি, নিয়োগপত্র, যোগদানপত্র প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার সরাসরি সম্পন্ন করবেন। |
| **B** | এসএসসি/সমমান বা তদুর্ধ্ব সনদ না থাকলে-<br>১. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন নাগরিকত্ব সনদ<br>৩. বাবা-মায়ের AFIS যাচাই<br>৪. স্থায়ী বাসিন্দা সনদ (জেলা প্রশাসন/পার্বত্য অঞ্চলের ক্ষেত্রে রাজা কতৃক প্রদত্ত)<br>৫. ভূমিহীন সনদ, অনলাইন ভেরিফায়েবল ভূমি উন্নয়ন কর প্রদানের রশিদ/পর্চা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৬. পাসপোর্ট (যদি থাকে)<br>৭. ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে)<br>উল্লেখ্য, বাবা-মায়ের মধ্যে একজন বেঁচে থাকলে এবং তিনি ভোটার হয়ে থাকলে তার AFIS যাচাই এবং অন্যজনের অনলাইন মৃত্যু সনদ দাখিল করতে হবে। আর বাবা-মা কেউ বেঁচে না থাকলে উভয়ের অনলাইন মৃত্যু সনদ দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার সরাসরি সম্পন্ন করবেন। |
| **C** | বিশেষ এলাকার যে সকল বাসিন্দা ভোটার নিবন্ধনের ক্ষেত্রে ক্যাটাগরি "A" এবং ক্যাটাগরি-"B" এর আওতায় পড়বে না, তাদের ভোটার নিবন্ধন কার্যক্রম বিশেষ কমিটির মাধ্যমে সম্পন্ন করা হবে। | বিশেষ কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে। |

d:\imran (share)\letter\letter (sundry).d.doc

(গ) বিদ্যমান বিশেষ কমিটির সদস্য সংখ্যা হ্রাস করে নিম্নরূপ বিশেষ কমিটি গঠন করা হয়:

| ক্রম | উপজেলা নির্বাচন অফিসের ক্ষেত্রে | সিটিকর্পোরেশন/মেট্রোপলিটন থানা নির্বাচন অফিসের ক্ষেত্রে |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার- আহবায়ক | সিনিয়র জেলা নির্বাচন অফিসার- আহবায়ক |
| ০২ | অফিসার ইন-চার্জ/পুলিশ পরিদর্শক (তদন্ত/অপারেশন)/সেকেন্ড অফিসার- সদস্য | অফিসার-ইন-চার্জ/পুলিশ পরিদর্শক (তদন্ত/অপারেশন)/সেকেন্ড অফিসার- সদস্য |
| ০৩ | প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি (কর্মকর্তার নিচে নয়) - সদস্য | প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি (কর্মকর্তার নিচে নয়) - সদস্য |
| ০৪ | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি (কর্মকর্তার নিচে নয়)- সদস্য | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি (কর্মকর্তার নিচে নয়)- সদস্য |
| ০৫ | হেড ম্যান/কারবারী (পার্বত্য জেলার ক্ষেত্রে প্রযোজ্য) - সদস্য | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর- সদস্য |
| ০৬ | সংশ্লিষ্ট পৌসভার মেয়র/মেয়র কর্তৃক মনোনীত একজন কাউন্সিলর- সদস্য | থানা নির্বাচন অফিসার (সংশ্লিষ্ট থানা)- সদস্য সচিব |
| ০৭ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা প্যানেল চেয়ারম্যান-সদস্য | |
| ০৮ | উপজেলা নির্বাচন অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)- সদস্য সচিব | |

বিঃদ্রঃ আহবায়ক প্রয়োজনে এক বা একাধিক কর্মকর্তা-কে কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

<u>বিশেষ কমিটির কার্য-পরিধিঃ</u>

১। বিশেষ তথ্য ফরমে প্রদত্ত সকল জাতীয় পরিচয়পত্রের NID নম্বরসমূহ Onlineé এ যাচাই করবেন। যাচাইকালে নিম্নলিখিত বিষয়াদি পর্যবেক্ষণ করবেনঃ

(ক) ভাই/বোনের জাতীয় পরিচয়পত্রে উল্লিখিত পিতা/মাতার নামের সাথে আবেদনকারীর উল্লিখিত পিতা/মাতার নামের মিল থাকতে হবে।

(খ) চাচা/ফুফুর ডাটাবেজে তাদের পিতার নাম ও ঠিকানার সাথে আবেদনকারীর বিশেষ তথ্য ফরমে প্রদত্ত পিতামহের নাম ও ঠিকানার মিল থাকতে হবে।

(গ) প্রয়োজনে নিকট আত্মীয়ের মোবাইল নম্বরে কথা বলে তাদের পরিচিতি/তথ্য সম্পর্কিত বিষয়ে নিশ্চিত হতে হবে।

২। ভোটার তালিকা আইন, ২০০৯ অনুযায়ী ভোটার হতে ইচ্ছুক উপযুক্ত ব্যক্তিকে বাংলাদেশের কোথাও "সচরাচর নিবাসী" হতে হবে। নির্বাচন কমিশন কর্তৃক জারিকৃত পরিপত্রে উল্লিখিত জেলাসমূহের যদি কেউ সচরাচর নিবাসী দাবি করে, তবে সেই দাবির যথার্থতা পুঙ্খানুঙ্খভাবে অনুসন্ধান করতে হবে। শুধু একটি নিবাসের ঠিকানাই এ জন্য যথেষ্ট হবে না। নিবাসের প্রমাণস্বরূপ তাকে এ সংক্রান্ত প্রণীত অতিরিক্ত তথ্য সংগ্রহ ফরম অনুযায়ী চাহিত সব তথ্য প্রদান করতে হবে।

৩। যদি বর্ণিত জেলাসমূহে এই সমস্ত ব্যক্তি নিজস্ব সম্পত্তির সূত্রে তালিকাভুক্তির দাবি করে তবে তাদের সম্পত্তির মালিকানা ও এতদসংক্রান্ত অন্যান্য তথ্য সংশ্লিষ্ট দালিলাদি তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে।

৪। যারা বাংলাদেশী কোন নাগরিকের সাথে বৈবাহিক সূত্রে ভোটার তালিকাভুক্তির দাবি করবেন তাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নাগরিক সনদপত্রসহ দলিলাদি তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে এবং অন্য কোন সূত্রে কেউ ভোটার হওয়ার উপযুক্ত দাবি করলে তাদেরকে এতদসম্পর্কিত প্রমাণাদি তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে।

৫। তথ্য সংগ্রহকারীগণ বাড়ি বাড়ি গিয়ে ফরম-২ এর সাথে এ কার্যক্রমের আওতায় অতিরিক্ত তথ্য ফরম মাধ্যমে তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় দালিলিক কাগজপত্রসহ প্রতিটি কেস উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট জমা দিবেন। উপজেলা/থানা নির্বাচন অফিসার আবেদন/কেসসমূহের সারসংক্ষেপ প্রস্তুত করে সকল কাগজপত্রাদি বিশেষ কমিটির নিকট উপস্থাপন করবেন।

৬। বিশেষ কমিটি প্রতিটি ফরম পুঙ্খনাপুঙ্খভাবে যাচাই বাছাইপূর্বক সিদ্ধান্ত প্রদান করবেন। বাছাইকৃত কেসগুলিতে বিশেষ কমিটির ইতিবাচক সিদ্ধান্ত সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারকে অবহিত করার পর তিনি ঐ সমস্ত নাগরিকদের ভোটার তালিকাভূক্ত করার জন্য দিনক্ষণ নির্ধারণপূর্বক নিবন্ধন কেন্দ্রে তাদের আগমনের জন্য নোটিশ জারী করবেন। যাদের কেস গ্রহণ করা হবে না, কি কারণে গ্রহণ করা হলো না, তা নোটশীটে লিপিবদ্ধ করে বিশেষ কমিটির সদস্যদের স্বাক্ষর করতে হবে। এছাড়া নিষ্পত্তির বিষয়টি প্রতিটি বিশেষ তথ্য ফরম (ফরম-২ এর অতিরিক্ত তথ্য)-এর ১৬নং ক্রমিকে বিশেষ কমিটির

সিদ্ধান্ত উপজেলা/থানা নির্বাচন অফিসার লিপিবদ্ধ করবেন। (যেমনঃ গোলাপ, নিবন্ধন ফরম নং----এর আবেদনটি গ্রহণ/বাতিল করা হলো)।

৭। বিশেষ কমিটি যাদের আবেদন বাতিল করবে, সংক্ষুব্ধ ব্যক্তি খসড়া ভোটার তালিকা প্রকাশের পর উক্ত বিষয়ে বিশেষ কমিটির সিদ্ধান্তের অনুলিপি নিয়ে সংশোধনকারী কর্তৃপক্ষের নিকট আবেদন কতে পারবেন।

৮। রোহিঙ্গাদের ভোটার হওয়ার বিষয়ে যদি কেহ তাদের সহযোগিতা অথবা মিথ্যা তথ্য প্রদান অথবা মিথ্যা/জাল কাগজপত্র সরবরাহ করেন অথবা সংশ্লিষ্ট কারো গাফিলতি পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে ভোটার তালিকা আইন, ২০০৯, জাতীয় পরিচয় নিবন্ধন আইন ২০১০ এবং প্রচলিত অন্যান্য আইন অনুযায়ী ফৌজদারী মামলা দায়ের করতে হবে।

(ঘ) কোন মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক রোহিঙ্গা বা ভিনদেশী কোন নাগরিককে নাগরিকত্ব সনদ ও জন্ম সনদ প্রদান করলে এবং তার ভিত্তিতে ভোটার নিবন্ধিত হলে সংশ্লিষ্ট মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঙ) মাঠ পর্যায়ে উপজেলা/থানা নির্বাচন অফিসসমূহে নাগরিকদের দ্রুত সেবা প্রদানের নিমিত্ত **AFIS** যাচাইয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৯/৮/২০২৪

**(মোঃ মাহবুব আলম শাহ্)**
উপসচিব (নিঃসঃও সঃ)
ফোনঃ ৫৫০০৭৫১৬

১। সিনিয়র জেলা /জেলা নির্বাচন অফিসার.........................(সংশ্লিষ্ট)
২। উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, .......................(সংশ্লিষ্ট)

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১২.২৩-৩০৮

তারিখঃ ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৮। জেলা প্রশাসক, .....................(সংশ্লিষ্ট)।
৯। পুলিশ সুপার,.......................(সংশ্লিষ্ট)।
১০। সিস্টেম ম্যানেজার (এনআইডি/আইসিটি) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১১। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২। উপজেলা নির্বাহী অফিসার,...............................................(সংশ্লিষ্ট)।
১৩। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার। (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪-১৭। একান্ত সচিবগণ, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ। (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯। অতিরিক্ত সচিব মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২০। অফিসার ইনচার্জ ...........................(সংশ্লিষ্ট থানা)।

২২.০৮.২০২৪

**(মোঃ নাসির উদ্দিন চৌধুরী)**
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)

d:\imran (share)\letter\letter (sundry).d.doc